
বেঙ্গল অ্যাসোসিয়েশনের
পক্ষ থেকে সকলকে জানাই



শুভ রথযাত্রা

An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

5th JULY'2024

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৭৬

# ASSOCIATION SAMBAD JULY 2024


Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com


জুলাই - ২০২৪

# সম্পাদকের কলমে

**ঘন-ঘোর আষাঢ়ের প্রথম প্রকাশ,**
**থম্‌থমে আকাশের নব-উচ্ছ্বাস।**

রাজধানী শহরে, আষাঢ়স্য প্রথম দিবস ধরা দেওয়ার সাথে সাথেই, আবহাওয়া তার রূপ বদল করল। নীল আকাশ তার চিরপরিচিত রূপ বদলে, মেঘের পরে মেঘ জমে আঁধার করে এসে, শরীর ঝলসে দেওয়া তাপমাত্রা, এক লহমায় পঞ্চাশ ডিগ্রি থেকে নামিয়ে দিল পঁয়ত্রিশে। ঝমঝম করে অবিরাম ধারায়, বৃষ্টির দেখা না মিললেও, সামান্য ছিটাফোঁটায়, অনুভবে এলো, ধ্যানমগ্ন বাউল-সুখের বাঁশি। ভাবতে ভালো লাগে, প্রাক বর্ষার এই আগমনে, বিচিত্র অনুভুতিমালা গাঁথা কবিদের আবেগ উচ্ছ্বাস, এই আষাঢ় মাসকে দিয়েছে অমরত্ব।

ফেলে আসা অতীতে, আমাদের কৃষিপ্রধান দেশে, আষাঢ় মাস এলেই কৃষকেরা চাষের কাজ প্রায় বন্ধ করে দিতো। বর্ষার আগমনে, আমাদের পূর্ব পুরুষেরা, এই মাসকে তীর্থযাত্রার সেরা মাস মনে করে প্রার্থনা ও আচার পালনেই নিজেদের সীমিত রাখতো। প্রথানুযায়ী এমাসেই গঙ্গা পূজা থেকে শুরু করে, মনসা পূজা, বিপত্তারিণীর পূজা আজও সাড়ম্বরে পালিত হয় গ্রামবাংলায়, শহরে। এই আষাঢ় মাসেই আজও অনেকেই, পূর্ণিমার দিনে মহান সাধক এবং গুরুদের স্মরণে রেখে, গুরুপূর্ণিমা উৎসব পালন করেন। যদিও এ বছরে, নিয়ম কিছুটা বদলে, আষাঢ় পূর্ণিমায় অম্বুবাচী পালন হয়ে, শ্রাবণ পূর্ণিমায় গুরুপূজা পালিত হবে। আবার এই আষাঢ় মাসেই, শুক্লপক্ষের দ্বিতীয় দিনে, জগন্নাথের রথের দড়িতে টান দিয়ে, কুমোর পাড়ায় একতাল মাটি চড়িয়ে ত্রিনয়নী জগৎজননীর রূপদান পর্ব শুরু হয়।

# বেঙ্গল অ্যাসোসিয়েশন নিজস্ব সংবাদ

গত ২০শে জুন, পশ্চিমবঙ্গ রাজ্যের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে, দিল্লির লেফটেন্যান্ট গভর্ণরের বিশেষ উদ্যোগে পশ্চিমবঙ্গ দিবস পালিত হয়েছে। গতবারের ন্যায়, এবছরেরও আমরা দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন এই সরকারী আমন্ত্রণ পাওয়ার পর, আমরা সম্মানিত বোধ করেছি। আমাদের কার্যকরী

সমিতির পক্ষ থেকে, কয়েকজন সদস্য মিলে, দিল্লির রাজ নিবাসে উপস্থিত ছিলাম। মাননীয় রাজ্যপাল এবং রাজধানী শহরের গণ্য মান্য ব্যক্তিদের উজ্জ্বল উপস্থিতিতে, সেদিন বিকেলে, দিল্লির রাজ নিবাসে বাংলার ঐতিহ্যবাহী নৃত্য এবং সঙ্গীত পরিবেশন করে সকলকে আনন্দদান করেন, স্থানীয় বাঙালি গুণী শিল্পবৃন্দ।

গত ৩০শে জুন, রবিবার সন্ধ্যায়, মুক্তধারা প্রেক্ষাগৃহে, বেঙ্গল অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা সুসম্পন্ন হয়েছে। অ্যাসোসিয়েশনের উপস্থিত সদস্যরা, বিভিন্ন বিষয়ে তাঁদের বক্তব্য রাখেন এবং সেই বিষয়ে যথাযথ আলোচনা করা হয়।

আগামী ৭ই জুলাই রবিবার, বিকালে বঙ্গ সংস্কৃতি ভবনের, সেমিনার হলে অর্থাৎ মুক্তধারা সভাগৃহে, একটি বৈকালিক সাহিত্য সভার আয়োজন করা হয়েছে। "পাঠকের দৃষ্টিতে সদ্য পড়ে ওঠা আপনার পছন্দের বইটি" শীর্ষক একটি আলোচনায় সভায় অংশ নেবেন, রাজধানী শহরের অসংখ্য গুণী কবি সাহিত্যিক এবং গুণমুগ্ধ পাঠকেরা। সকলে মিলে ভালোলাগা বইয়ের আদানপ্রদানে এবং পাঠ বিনিময়ে অংশ নিতে, আপনাদের স্বাগত জানাই।

আগামী ২০শে জুলাই, বেঙ্গল অ্যাসোসিয়েশন দ্বারা আয়োজিত, সপ্তম নাট্যমেলায়, বঙ্গ সংস্কৃতি ভবনের মুক্তধারা মঞ্চে, রাজধানী শহরের দুটি জনপ্রিয় নাট্যদল, ভূষণ অ্যামেচার্স ও নাট্যরঙ্গ নিবেদিত দুটি নাটক যথাক্রমে, 'মিস্টার কাকাতুয়া' এবং 'যদি আর একবার' পরিবেশন করবেন। সকল নাট্যমোদী মানুষকে স্বাগত জানাই।

## শোক সংবাদ

গত ২০শে জুন, রাজধানী দিল্লির সুবিখ্যাত নাট্যদল, সংশপ্তক নাট্যগোষ্ঠীর অন্যতম নাট্যকর্মী শ্রী রাণা মিত্রের আকস্মিক প্রয়াণে, দিল্লির নাট্যজগতের শিল্পীমহল শোকস্তব্ধ। আগামী ৬ই জুলাই সন্ধ্যায়, চিত্তরঞ্জন পার্কের (এইচ-১৫১১, বেসমেন্টে) এগন স্টুডিওতে, দিল্লির নাট্যকর্মীরা, একটি স্মরণ সভার আয়োজন করেছেন। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে, ওনার বিদেহী আত্মার শান্তি কামনা করে, পরিবারের প্রতি সমবেদনা জানাই।

দিল্লির নাট্যজগতের একজন প্রবীণ অভিনেত্রী তথা প্রখ্যাত নাট্যকর্মী রেণুকা ঠাকুরের প্রয়াণে, শিল্পী সাংস্কৃতিক মহলে নেমেছে শোকচ্ছায়া। গত ৪ঠা জুলাই, সন্ধ্যায়, নবপল্লী নাট্য সংস্থার বিশেষ উদ্যোগে, দিল্লির চিত্তরঞ্জন পার্কের দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল প্রেক্ষাগৃহে, এই প্রবীণ নাট্যকর্মীর স্মরণে, শ্রদ্ধাজ্ঞাপন সভার আয়োজন করা হয়েছিল। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে, ওনার বিদেহী আত্মার শান্তি কামনা করে, পরিবারের প্রতি সমবেদনা জানাই।


## আনন্দ সংবাদ


বাংলা ‘সাহিত্য আকাদেমি যুব ২০২৪’ পুরস্কারে ভূষিত হলেন, আসামের শিলচরের বাসিন্দা, তরুণ কবি সুতপা চক্রবর্তী। কলকাতার আদম প্রকাশন থেকে প্রকাশিত, ‘দেরাজে হলুদ ফুল, গতজন্ম’ নামক ওনার লেখা প্রথম কবিতার বইটির জন্য তিনি এই পুরস্কার লাভ করেছেন। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে কবি সুতপা চক্রবর্তীকে অসংখ্য শুভেচ্ছা জানাই।

## বিশেষ সংবাদ

গত ২রা জুন, দিল্লির প্রেস ক্লাবে রবীন্দ্র নজরুল জয়ন্তীর আয়োজন করেছিল রাজধানী দিল্লির সহচরী মহিলা গোষ্ঠী। এই অনুষ্ঠানের রবীন্দ্র-পর্বে পাঁচটি গ্রুপের নাম, মধুমঞ্জরী, অলকানন্দা, গুলঞ্চ, অমলতাস ও বাগান বিলাস এই সকল ফুলের নামে রাখা হয়েছিল। নজরুল পর্বের অনুষ্ঠানে, কবি কাজী নজরুল ইসলামের বহুমুখী প্রতিভা ও তাঁর বিশাল সাহিত্য সম্ভারের নানা দিক তুলে ধরার প্রয়াস করা হয়েছিল। কবি নজরুলকে বিদ্রোহী কবি, প্রেমের কবি, সাম্যের কবি, সাধনার কবি ও ছোটোদের কবি এমন বহুবিধ রূপে তাঁর গান ও কবিতার মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছিলেন সহচরীরা। উক্ত অনুষ্ঠানে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, শ্রীমতী চিরশ্রী বিশী চক্রবর্তী এবং শ্রীমতী যশোধরা রায়চৌধুরী।

দিল্লির মাতৃমন্দির কালীবাড়ির বিশেষ উদ্যোগে, বিগত ২২ বছর ধরে প্রায় প্রত্যেক মাসে, সাহিত্যের আসরের আয়োজন করা হয়। গত ২৩শে জুন,


REMEMBERING
Dr. Bidhan Chandra Roy
1st JULY 1882 - 1st JULY 1962
National Doctor's Day
দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা
স্বর্গীয় ডঃ বিধান চন্দ্র রায়ের জন্মতিথিতে
রইল আমাদের প্রণাম ও শ্রদ্ধার্ঘ্য।


সাহিত্য সভা
আগামী ৭ই জুলাই রবিবার বিকেল ৩-৩০ টায়
আয়োজিত হতে চলেছে বৈকালিক সাহিত্য সভা।
বিষয়: পাঠকের দৃষ্টিতে সদ্য পড়ে ওঠা আপনার পছন্দের বইটি।
সবাইকে স্বাগত।
সাথে থাকছেন আপনি ও আপনারা।
সবাই মিলে ভালোলাগা বইয়ের আদান প্রদানে পাঠ বিনিময় হবে।
নানান বইয়ের আলোচনায় ঋদ্ধ হব আমরা।
সাগ্রহে অপেক্ষা করছি।
আগামী ৭ই জুলাই '২৪ • দুপুর ৩:৩০ মিঃ • মুক্তধারা সভাগৃহ, বঙ্গ সংস্কৃতি ভবন, গোল মার্কেট

এই বিশেষ আসর ২৩তম বছরে পদার্পন করেছে। এই উপলক্ষ্যে, মাতৃমন্দির লাইব্রেরী হলে, সান্ধ্যকালীন অনুষ্ঠানে, বঙ্গ সাহিত্যের আসর বসেছিল।

গত ৫ই মে থেকে ১৯শে জুন, পশ্চিমবঙ্গ সরকারের উদ্যানপালন বিভাগের সৌজন্যে, পশ্চিমবঙ্গের রেসিডেন্ট কমিশনার দিল্লির তত্ত্বাবধানে, দিল্লির জনপথ সংলগ্ন হ্যান্ডলুম হাটে, আম মেলা এবং তাঁত ও হস্তশিল্প প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। এই উৎসবকে কেন্দ্র করে সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল যেখানে দিল্লি শহরের গুণী সঙ্গীত ও নৃত্য শিল্পীরা দুর্দান্ত পরিবেশনের মাধ্যমে উপস্থিত দর্শকদের মোহিত করেন।


গত ৫ই মে থেকে ২১শে জুন, এই প্রথমবার দক্ষিণ দিল্লি কালীবাড়ি, আম মেলার আয়োজন করেছিল। বাংলার বিখ্যাত আম হিমসাগর, ল্যাংড়া, লক্ষণভোগ, তোতাপুরী, আম্রপালি, গোপালভোগ, মল্লিকা সহ প্রায় পনেরোটি বিভিন্ন প্রজাতির আমের স্বাদ নিতে দিল্লি এবং সংলগ্ন এলাকার বহু মানুষের উপচে পড়া ভিড়ে, উদ্যোক্তা ও বিক্রেতা সকলের মধ্যেই খুশির আবহ লক্ষ্য করা যায়।

**রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের সাংস্কৃতিক সংবাদ**

গত ২৫শে মে, রাজধানী দিল্লির সন্নিহিত অঞ্চল, সাহিবাবাদের রাজেন্দ্রনগরে অবস্থিত শালীমার গার্ডেন বেঙ্গলী অ্যাসোসিয়েশনের বিশেষ উদ্যোগে একটি নজরুল সঙ্গীত সন্ধ্যার আয়োজন করা হয়েছিল। অসংখ্য গুণী ব্যক্তিদের উজ্জ্বল উপস্থিতিতে, বাংলা সাহিত্যে নজরুলের অসামান্য অবদানকে কেন্দ্র করে, সঙ্গীত, নৃত্য, শ্রুতি নাটক ও লঘু নাটকের মাধ্যমে সমগ্র অনুষ্ঠানটি সুচারুভাবে সম্পন্ন হয়েছিল

গত ১৬ই জুন, ইমপ্রেসারিও ইন্ডিয়ার বিশেষ উদ্যোগে, ইন্ডিয়া হ্যাবিট্যাট সেন্টারের অমলতাস হলে, কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে, ওনাকে শ্রদ্ধা নিবেদন করে একটি দুর্দান্ত সঙ্গীত সন্ধ্যার আয়োজন করেছিলেন। ‘হারানো হিয়ার নিকুঞ্জ পথ’ শীর্ষক এই সঙ্গীত যাত্রায়, অসামান্য সঙ্গীত পরিবেশনে উপস্থিত সকলকে মুগ্ধ করেন, সুদূর কলকাতা থেকে আগত বিশিষ্ট সঙ্গীত শিল্পী ডঃ বনানী দে।


অঙ্কুর
ankur
মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।
স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।
A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION,
PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR
'ANKUR' OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR
FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE
THEM WINGS TO REACH THE SKY TOMMORROW!
Paytm
Accepted Here
PLEASE SCAN THE QR CODE IF YOU WISH
TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE.
IN ORDER TO OBTAIN A RECEIPT
PLEASE SHOW THE SCREEN SHOT
OF THE TRANSACTION AT
BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.
FOR FURTHER INFORMATION
CONTACT: 73034 54989



সপ্তম নাট্যমেলা
BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
সৌজন্যে
BHUSHAN AMATEURS
Presents
MR. KAKATUA
BY PRASHANTO DEB
Direction : Prithwijit Chowdhury
On Stage : Supti, Deepa, Joyita, Swati, Kakoli, Jaidip, Dipak, Deepankar, Sujal, Prithwijit
Light& Sound Projection: Anupama
Off Stage : Bibek, Pintu
On: 20th July 2024 at 6:00pm onwards
Venue : Muktadhara Auditorium New Delhi
যদি আর একবার
রচনা: বাদল সরকার
BHUSHAN AMATEURS & SAANJHBAATI
ARE PRESENTING TWO SHORT PLAYS
"Mr. KAKATUA" & "JODI AAR EKBAAR"
20th JULY 2024 • 6 PM ONWARDS
MUKTADHARA AUDITORIUM, BANGA SANSKRITI BHAVAN
BHAI VEER SINGH MARG, GOLE MARKET, NEW DELHI
ভূষণ অ্যামেচার্স এবং সাঁঝবাতি
নিবেদিত দুটি নাটক
"মিষ্টার কাকাতুয়া" এবং "যদি আর একবার"
২০ শে জুলাই ২০২৪ • সান্ধ্য ৬টা থেকে
মুক্তধারা অডিটোরিয়াম, বঙ্গ সংস্কৃতি ভবন
ভাই বীর সিং মার্গ, গোল মার্কেট

গত ১৬ই জুন, সন্ধ্যায়, চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজের বিশেষ উদ্যোগে, প্রবাদপ্রতীম সুরকার ও কণ্ঠশিল্পী হেমন্ত মুখোপাধ্যায়ের ১০৫তম জন্মদিবস উদযাপন উপলক্ষ্যে, একটি বিশেষ সন্ধ্যার আয়োজন করা হয়েছিল। রাজধানী শহরের একঝাঁক নবীন ও প্রবীণ সঙ্গীতশিল্পী এই অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন। সেদিন সমগ্র অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন শ্রী উল্লাস ভট্টাচার্য।

গত ২৩শে জুন, দিল্লির 'পল্লবী' ওড়িশি নৃত্য সঙ্গীত বিদ্যালয়ের বিশেষ উদ্যোগে, দিল্লির লোধি রোড সংলগ্ন ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারে, একটি অসামান্য ওড়িশি নৃত্যসন্ধ্যার আয়োজন করেছিলেন। উক্ত অনুষ্ঠানে, পদ্মশ্রী কিরণ সেগালের সুযোগ্য শিষ্যা, শ্রীমতী আকাঙক্ষা রায় ওড়িশি নৃত্য পরিবেশন করেন উপস্থিত সকলকে মোহিত করেন।

গত ২৯শে জুন, দিল্লির চিত্তরঞ্জন পার্কের, চিত্তরঞ্জন ভবন মিলনায়তনে, দর্শকে পরিপূর্ণ পরিবেশে, 'ছোটদের নজরুল' শীর্ষক একটি সান্ধ্যকালীন সাংস্কৃতিক সাড়ম্বরে অনুষ্ঠিত হল। রাজধানী শহরের কিছু প্রতিভাবান শিশু কিশোরদের একত্র করে, ওদের সার্বিক বিকাশের লক্ষ্যে, ওদের মন আর মগজকে ডানা মেলতে সাহায্য করলেন, বাংলা সংস্কৃতি এবং সঙ্গীত নিয়ে মেতে থাকা কিছু অত্যুৎসাহী গুণী মানুষ। এরা প্রত্যেকেই তাঁদের অফিস আর কাজের ব্যবস্থা থেকে, বহুমূল্য সময় ব্যয় করে, একমাস যাবৎ একটি কর্মশালার মাধ্যমে, সম্পূর্ণ নিজেদের ব্যয় করা অর্থে এই ফুলের মতো শিশুদের মুখে হাসি ফোটানোর চেষ্টা করলেন।

গত ৩০শে জুন, চিত্তরঞ্জন পার্কের বিপিন চন্দ্র পাল অডিটোরিয়ামে, চলচ্চিত্র পরিচালক অনিক দত্তের কৌতুকধর্মী বাংলা সিনেমা 'ভূতের ভবিষ্যৎ'-এর নাট্য রূপান্তর মঞ্চস্থ হয়েছে। নাট্যরূপ এবং নির্দেশনায় ছিলেন অরিন্দম ঘোষ।

**রাজধানী দিল্লির আগামী সাংস্কৃতিক সংবাদ**

আগামী ১৪ই জুলাই, রবিবার সন্ধ্যায়, ইমপ্রেসারিও ইন্ডিয়ার বিশেষ উদ্যোগে, রাজধানী দিল্লির প্রখ্যাত সাঙ্গীতিক গোষ্ঠী রবিগীতিকা পরিবেশন করবেন 'সাকার থেকে নিরাকার' শীর্ষক একটি ভক্তিমূলক সঙ্গীতসন্ধ্যা। সমগ্র উপস্থাপনাটি, রাজধানী শহরের দুই নামী ব্যক্তিত্ব জয়তী ঘোষ এবং আশিস

আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের
সদস্য হতে চান?

অথবা সদস্যতা নেবার পর
ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?

যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে

ফোন নংঃ
**+91 7303400554**
ইমেলঃ
**bengalassociation1819@gmail.com**

**www.bengalassociation.com**

ঘোষের পরিকল্পনা এবং মস্তিষ্কপ্রসূত। উৎসাহী ব্যক্তিরী, উক্তদিনে, ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারের সিডি দেশমুখ অডিটোরিয়ামে, উপস্থিত থেকে এই ভক্তিমূলক সঙ্গীতের আনন্দ আবহে অংশ নিতে পারেন।

আগামী ২১শে জুলাই, রবিবার সন্ধ্যায়, চিত্তরঞ্জন পার্কের দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটি হলে, রবীন্দ্রনাথ এবং নজরুলের জীবন ও সময়কে স্মরণে রেখে, একটি মনোজ্ঞ সঙ্গীত সন্ধ্যার আয়োজন করা হয়েছে। সুদূর কলকাতা থেকে, প্রবীণ এবং নবীন এই দুই প্রজন্মের অত্যধিক জনপ্রিয় দু'জন সঙ্গীতশিল্পী যথাক্রমে সুস্মিতা গোস্বামী এবং সেঁজুতি গুপ্ত, সেদিনের সন্ধ্যায়, সঙ্গীত পরিবেশনে উপস্থিত থাকবেন। সমগ্র অনুষ্ঠাটির আয়োজনে রয়েছেন, প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্ট , হাজারীবাগ, গানের তরী দিল্লি এবং ভাস্কর রায়।

আগামী ২৭শে জুলাই, শনিবার, রাজধানী শহরের অন্যতম সাঙ্গীতিক গোষ্ঠী, ঝর্ণাধারার ৫৫তম বার্ষিক উদযাপনের অঙ্গ হিসাবে, প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্ট, হাজারীবাগের সাথে যৌথ উদ্যোগে, চিত্তরঞ্জন পার্কের বিপিন চন্দ্র পাল অডিটোরিয়ামে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছেন।

**একটি বিশেষ আবেদন**

দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন, রাজধানী দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের বাঙালিদের কাছে, বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর 'অ্যাসোসিয়েশন সংবাদ' নামক একটা মাসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে, আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে, আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সে সমস্ত প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা যে কোনো সাংস্কৃতিক সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরেজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল করে (associationsangbad@ gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় - 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।




Editor and Publisher Shri Prodip Ganguly
Published on behalf of Bengal Association, New Delhi.
Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487